



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-১ (প্রশাসন ও হিসাব)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২০.২০.০৬৯.২৬/১-২১৩

তারিখ: ২৮/০৬/২০২৬ খ্রি.

বিষয়ঃ ২০২৬-২০২৭ অর্থবছরে বাজেট বরাদ্দ প্রদানের নিমিত্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের পরিচালন চাহিদা পূরণের লক্ষ্যে বাজেট বরাদ্দ প্রদান করা প্রয়োজন। সে মতে, সংযুক্ত ছক পূরণ পূর্বক সফটকপি dtead1@gmail.com এবং হার্ডকপি আগামী ৩০/০৬/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

শর্তাবলী:

- ১ সংযুক্ত ছকে জনবলের তথ্যের সহিত বেতন-ভাতাদির সমন্বয় থাকতে হবে।
- ২ কোনো খাতে বকেয়া চাহিদা থাকলে তা যৌক্তিকতা ও সংশ্লিষ্ট প্রমানাদিসহ পেশ করতে হবে।
- ৩ মেরামত ও সংরক্ষণ এবং মূলধন ব্যয়ের চাহিদা প্রেরণের ক্ষেত্রে চাহিদার যৌক্তিকতা উল্লেখ করতে হবে।
- ৪ শ্রান্তি বিনোদন ও পিআরএল এর ক্ষেত্রে সঠিক তারিখ উল্লেখ পূর্বক যৌক্তিক চাহিদা প্রেরণ করতে হবে।
- ৫ ইউটিলিটির (বিদ্যুৎ, পানি, পৌরকর, ভূমি উন্নয়নকর, টেলিফোন বিল, ইন্টারনেট বিল) ক্ষেত্রে চলতি বছরের পরিশোধিত অর্থ অনুসারে চাহিদা প্রেরণ করতে হবে।
- ৬ প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণকৃত Google Drive এর লিংকে দেওয়া তথ্যাদি নিকোষ বাংলা ফ্রন্টে পূরণ করতে হবে। তথ্য পূরণের ক্ষেত্রে অবশ্যই প্রতিটি ছক যথাযথ নির্দেশনা অনুসরণপূর্বক পূরণ করতে হবে। তথ্য পূরণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ms-excel এ তৈরি করা তথ্য কপি-পেস্ট না করে সরাসরি লিংকে প্রবেশ করে তথ্য পূরণ করতে হবে।
- ৭ বাজেট চাহিদার তথ্য পূরণের ক্ষেত্রে কোন প্রকার সমস্যার সম্মুখীন হলে সহকারী পরিচালকের (প্রশাসন ও হিসাব) সাথে যোগাযোগ করতে হবে। কোন অবস্থাতে ভুল চাহিদা প্রেরণ করলে বাজেট বরাদ্দ প্রদানের পর কোন সমস্যার সম্মুখীন হলে এ জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাজেট শাখার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি দায়ী থাকবেন।

সংযুক্তি:

- ক) বাজেট চাহিদা বিবরণী ছক।
- খ) কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতাদির ছক।
- গ) জনবলের তথ্যাদির ছক।
- ঘ) ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট এর ছক (পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউটসমূহের জন্য প্রযোজ্য)
- ঙ) শ্রান্তি ও বিনোদন ভাতার ছক।
- চ) ছাত্র-ছাত্রীর সংখ্যার ছক। (ইঞ্জিনিয়ারিং কলেজসমূহ ও পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউটসমূহের জন্য প্রযোজ্য)
- ছ) পিআরএল গমনের তথ্য সংক্রান্ত ছক।


(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণ:

- ১ পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২ পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়সমূহ।
- ৩ অধ্যক্ষ, প্রকৌশল মহাবিদ্যালয়সমূহ।
- ৪ অধ্যক্ষ, কারিগরি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ঢাকা।
- ৫ অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউটসমূহ।
- ৬ সহকারী পরিচালক (আয়ন-ব্যয়ন কর্মকর্তা), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭ ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে ও প্রতিষ্ঠানের ই-মেইলে দেয়ার জন্য অনুরোধ করা হল)।
- ৮ মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯ সংরক্ষণ নথি।